'আবু সাঈদের বিশ্ববিদ্যালয়ে কোনো বৈষম্য থাকবে না'

বেরোবি প্রতিনিধি

১৫ **নভেম্ব**র, ২০২৪ ১৭:৫৮

শেয়ার

অ +

অ -



ক্ষতিগ্রস্ত স্থাপনা পরিদর্শন করছে ইউজিসির প্রতিনিধিদল। ছবি : কালের কণ্ঠ

জুলাই-আগস্ট বিপ্লবে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের (বেরোবি) ক্ষতিগ্রস্ত স্থাপনা পরিদর্শন করতে এসে ইউজিসির সদস্য প্রফেসর ড. মোহাম্মদ আনোয়ার হোসেন বলেন, 'এই বিশ্ববিদ্যালয়টি বীর আবু সাঈদের, এখানে কোনো বৈষম্য থাকবে না।' শুক্রবার (১৫ নভেম্বর) তুপুরে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের প্রতিনিধিদল কমিশনের সদস্য প্রফেসর ড.
মোহাম্মদ আনোয়ার হোসেনের নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন স্থাপনা পরিদর্শন করেন। এ ছাড়া বিশ্ববিদ্যালয়ের রংপুরস্থ ভাড়া বাসায় গেস্ট হাউস পরিদর্শন করে এই প্রতিনিধিদল।

এর আগে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. শওকাত আলীর সভাপতিত্বে প্রশাসনিক ভবনের সিন্ডিকেট রুমে বিশ্ববিদ্যালয় প্রশাসন ও ইউজিসি প্রতিনিধিদলের মধ্যে মতবিনিময়সভা অনুষ্ঠিত হয়।

সভায় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে জুলাই-আগস্ট বিপ্লবে ক্ষতিগ্রস্ত স্থাপনার স্থিরচিত্র প্রদর্শন করা হয় এবং ক্ষতিগ্রস্ত স্থাপনাসহ অন্যান্য ক্ষয়-ক্ষতির পরিমাণ নিরূপণ ও সংস্কারের লক্ষ্যে বাজেট উপস্থাপন করা হয়।

আরো পড়ুন



বেরোবি শিক্ষক ও ছাত্রলীগ নেতা মনিরুলের নিয়োগ বাতিল

বিশ্ববিদ্যালয়টি প্রতিষ্ঠার পর হতে সমসাময়িক অন্যান্য বিশ্ববিদ্যালয়ের তুলনায় উন্নয়ন বাজেটসহ সব বিষয়ে বৈষম্যের শিকার হয়ে আসছে বলে উপাচার্য তার বক্তৃতায় উল্লেখ করেন। শহীদ আবু সাঈদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করে ইউজিসির সদস্য প্রফেসর ড. মোহাম্মদ আনোয়ার হোসেন বলেন, 'যেই বীরের জন্য আমরা দেশকে স্বৈরাচারমুক্ত করে দ্বিতীয়বারের মতো স্বাধীনতা অর্জন করেছি। সেই বীরের বিশ্ববিদ্যালয় এটি।

সূতরাং শহীদ আবু সাঈদের বিশ্ববিদ্যালয়ে আর কোনো বৈষম্য থাকবে না।'

আরো পড়ুন



বেরোবিতে বহিষ্কৃত শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীরা করছেন অফিস, পাচ্ছেন বেতন

এ সময় ইউজিসির অর্থ ও হিসাব বিভাগের পরিচালক মো. রেজাউল করিম হাওলাদার, বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. মো. হারুন-অর রশীদ, ছাত্র পরামর্শ ও নির্দেশনা দপ্তরের পরিচালক ড. মো. ইলিয়াছ প্রামাণিক, পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের পরিচালক ওসমান গণি তারুকদার, ইউজিসির অর্থ ও হিসাব বিভাগের উপপরিচালক মো. এমদাতুল হক, প্রশাসন বিভাগের যুগ্ম সচিব (চলতি দায়িত্ব) মো. নাজমুল ইসলাম, পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের সিনিয়র সহকারী পরিচালক মো. মোশাররফ হোসেন, বিশ্ববিদ্যালয়ের এস্টেট শাখার প্রধান মো. আলী হাসান, নির্বাহী প্রকৌশলী কমলেশ চন্দ্র সরকার ও মো. শাহরিয়ার আকিফ প্রমুখ উপস্থিত ছিলেন।